



সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েবসাইট সুনামগঞ্জ।



Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২৩. ২৪৫০

তারিখঃ- ২৫ আষাঢ়' ১৪৩০ বঙ্গাব্দ।
০৯ জুলাই' ২০২৩ খ্রিষ্টাব্দ।

“আন্তঃপবিস পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি”

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতঃপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনক ভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদের সংখ্যাঃ ১২ টি (কম/বেশী হতে পারে)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (last Pay Certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো' ২০১৬ এর সংশ্লিষ্ট পদের (গ্রেড-১) প্রারম্ভিক বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।	ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬ (ছয়)/ ০৯ (নয়) বছর বা তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। খ) বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে। গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ম্যাসেঞ্জার /মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের পূর্বতন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। ঘ) সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতঃপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতঃপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য। চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

০১. আবেদনকারীগণকে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (www.pbs.sunamganj.gov.bd) হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ২৩/০৭/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম ও নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে।

০২। অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ হুকে উল্লেখপূর্বক জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। সকল সনদের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০২/০১ (দুই/এক) দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই চুক্তিতে ০৯ (নয়) বৎসরের অধিককাল চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

(Signature)

